

তারিখ: ১৭/০১/২০১৮ খ্রি.

২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির অন-লাইন ভর্তি কার্যক্রমের আগ্রহী প্রার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক প্রাথমিক আবেদন ফরম (A4 অফসেট সাদা কাগজে) পূরণ করে কলেজে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, Online এ প্রাথমিক আবেদন ফরম পূরণ করার সময় পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ ১২০x১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।

১। আবেদন করার সময়সূচী:


- (ক) Online এ সঠিক তথ্য দিয়ে আবেদন ফরম পূরণের তারিখ : ১৭/০১/২০১৮ হতে ০৩/০২/২০১৮ খ্রি.
(খ) প্রিন্টকৃত আবেদন ফরম (২কপি) জমাদানের শেষ তারিখ : ১৭/০১/২০১৮ হতে ০৪/০২/২০১৮ খ্রি.
(গ) প্রিন্টকৃত আবেদন ফরম জমাদানের স্থান : রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (কলেজের ৩য় তলা)
(ঘ) প্রিন্টকৃত আবেদন ফরম জমাদানের সময় : সকাল ১০:০০ - দুপুর ১:০০ টা পর্যন্ত

২। আবেদনের যোগ্যতা:

- (ক) বাংলাদেশের স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড অথবা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০১৩/২০১৪/২০১৫ সালের এসএসসি/সমমান এবং ২০১৫/২০১৬/২০১৭ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা Online এ আবেদন ফরম পূরণ করতে পারবে।
(খ) ২০১৩/২০১৪/২০১৫ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে বি গ্রেডসহ কমপক্ষে ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৫/২০১৬/২০১৭ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে বি গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা Online এ আবেদন ফরম পূরণ করতে পারবে।
(গ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশের স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি/এইচএসসি পাসের নম্বরপত্রের সমতা নিরূপণ করা আবশ্যিক।
(ঘ) স্নাতক পর্যায়ে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশনকৃত কোন প্রার্থী ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

৩। প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- (ক) আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুই শত) টাকা কলেজে জমা দিতে হবে।
(খ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাসের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(গ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(ঘ) আবেদন ফরম কলেজে জমা দেয়ার পূর্বে ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।


(প্রফেসর জাফর আহমদ)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা



তারিখ: ১৭/০১/২০১৮ খ্রি.

স্মারক নং- রাসক/ ১৫২/৪

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। আহ্বায়ক, ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। হিসাব শাখা, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা